

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ ঘোষণা



ছবি: সংগ্রহীত

রাবি প্রতিনিধি

প্রকাশ: ০৫ নভেম্বর ২০২৪ | ১৮:৪৮

(-) (অ) (+)

২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ নির্ধারণ করেছে রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) কর্তৃপক্ষ। এছাড়া এবারের ভর্তি পরীক্ষায় রাজশাহীসহ মোট পাঁচটি বিভাগীয় শহরের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে নেওয়ার সুপারিশ করা হয়েছে।

মঙ্গলবার বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের শহীদ সৈয়দ নজরুল ইসলাম প্রশাসন ভবনের সম্মেলন কক্ষে ভর্তি পরীক্ষা উপকমিটির এক সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দণ্ডের প্রশাসক অধ্যাপক আখতার হোসেন মজুমদার স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা আগামী বছরের ১২, ১৯ ও ২৬ এপ্রিল নেওয়ার সুপারিশ করা হয়েছে। একই সঙ্গে রাজশাহী ছাড়া ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রংপুরে অবস্থিত পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা নেওয়ার সুপারিশ করা হয়েছে। ১৪ নভেম্বর অনুষ্ঠিতব্য ভর্তি কমিটির সভায় এই সুপারিশ বিবেচনা করা হবে।